

তাল-- গড়খেমটা

রাগিণী--ভৈরবী

তোমায় দয়া করতে বলি না ।

তোমার যে অমূল্য দয়া, আমাতে কিঞ্চিৎ সাজে না ॥

- ১। যে দয়া করে রেখেছ, তার মজুরী কিছু না পেয়েছ,
তবু যে পালন কর্তেছ, সে তোমার অসীম করুণা ।
তোমার কত দয়া, কত স্নেহ, তা আমি ভাবি না;
অহঙ্কারে হয়ে মত্ত, তোমাকে আমি চিনি না ॥
- ২। তব দয়ায় ব্রহ্মাণ্ড দেখি, দয়ার তুলনা দিব আর কি,
তুমি জগৎ-পিতা নাকি আমি তা জান্লেম না ।
তুমি জোগাও কত খাদ্য খাদক, আমি তা ভাবি না,
যখন পান করেছিলাম স্তনের দুগ্ধ, হরি সে তোমার করুণা ॥
- ৩। তব দয়ার এই পরিচয়, দয়ায় পাপী তরে যায়,
তোমার গুণ আর বল্ব কোথায়, তুলনা পেলাম না ।
দয়াময় নিচ্ছ জীবের পাপেরই ভার, হয়ে সম্মাননা,
তুমি জনম ভরে ব'চ্ছ বোঝা, তোমার খাট নি একদিন
খাটলেম না ॥
- ৪। বল্ছে দয়াল গোপালচাঁদ, দয়ার কথা যে মনে রাখে বেঙ্কে,
সে দিবানিশি বেড়ায় কেঁদে, ঠাকুরকে ভোলে না ।
বরদা তুই দীন দুরাশয়, নামে রুচি হ'ল না,
তোমায় কত দয়া কর্ছে হরি, তাহার কেন গুণ গাও না ॥

---বরদা